টাবি সিনেট নির্বাচন

# দুটি প্যানেলে লড়বে আওয়ামী ও বামপন্থি শিক্ষকরা

**বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সর্বোচ্চ নীতি নির্ধারণী পরিষদ সিনেটের আসন্ন শিক্ষক প্রতিনিধি নির্বাচনকে কেন্দ্র করে আওয়ামী লীগ ও বামপন্থি শিক্ষকদের প্যানেল নীলদলের মধ্যে তৈরি হওয়া বিভক্তি রয়েছে। এখনও কোন সমঝোতা হয়নি। ফলে নির্বাচনে দুই পক্ষে বিভক্ত হয়ে লড়ছে নীলদল।

গতকাল দুপুর ১টা পর্যন্ত প্রার্থীদের মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় থাকলেও কোন পক্ষই মনোনয়নপত্র প্রত্যাহার করেনি। ফলে পৃথক প্যানেলে নির্বাচনে মাঠে থাকবে নীলদল। তবে নীলদলের দুই পক্ষ থেকে একজন করে মনোনয়নপত্র প্রত্যাহার করেছেন বলে নির্বাচন কমিশন সূত্র জানিয়েছে। এদিকে নীলদলে দুই ভাগ হলেও বিপরীতে ঐক্যবদ্ধ রয়েছে বিএনপি-জামায়াতপন্থি প্যানেল সাদাদল। ঐক্যবদ্ধ প্যানেল করে ভোট পেতে সাধারণ শিক্ষকদের কাছে আনাগোনা করছেন তারা। একটিমাত্র প্যানেল থাকায় নিজেদের সংখ্যাগরিষ্ঠতা আসবে বলে আশাবাদী সাদাদল।

আগামী ২২ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হবে এ নির্বাচন। ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন করবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। যারা আগামী আগস্টে উপাচার্য প্যানেল তৈরিতে কার্যকর ভূমিকা রাখবেন।

নীলদলের দুটি পক্ষের একটি হচ্ছে উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিকপন্থি। আর অন্যটি হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালপন্থি। মাকসুদ কামালপন্থি নীলদলের সাবেক আহ্বায়ক অধ্যাপক ড. কবি মোহাম্মদ সামাদ ও অনুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেন সাংবাদিকদের জানান, তাদের প্যানেলের কেউ মনোনয়ন প্রত্যাহার করেনি। অন্যদিকে উপাচার্যপন্থি শিক্ষক বিজয় একাত্তর হলের প্রাধ্যক্ষ ও শিক্ষক সমিতির যুগ্ম দুটি : পৃষ্ঠা : ২ ক : ২

## দুটি : প্যানেলে

(১৬ পৃষ্ঠার পর)

সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এজেএম শফিউল আলম ভূঁইয়া বলেন, যারা স্বতন্ত্র নির্বাচন করছে তাদের সঙ্গে কেন আমরা সমঝোতায় যাব? তারা মনোনয়ন প্রত্যাহার না করলে নির্বাচন করবে। আমরা নীলদল আমাদের নির্বাচন করব। নীলদলের একটি সূত্র জানিয়েছে, তিনদিন আগে নীলদলের উভয় গ্রুপের সঙ্গেই আওয়ামী লীগের উচ্চকমাঙ্গ কথা বলেছে। তবে গতকাল পর্যন্ত কোন সমঝোতায় আসতে পারেননি তারা। ফলে নির্বাচনী মাঠে উভয় পক্ষকেই দেখা যাচ্ছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ...............................
উপ. পরিসংখ্যান বিভাগ
উপ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর